# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৮২

১/ বিবিধ

আরবী

إن الله استخلص هذا الدين لنفسه، فلا يصلح لدينكم إلا السخاء وحسن الخلق، ألا فزينوا دينكم بهما
موضوع

أخرجه الطبراني في " الأوسط " (1/91/1 - من " زوائد المعجمين ") عن عمرو بن الحصين العقيلي: حدثنا إبراهيم بن أبي عطاء عن أبي عبيدة عن الحسن عن عمران ابن حصين مرفوعا وقال الطبراني: تفرد به عمرو
قلت: وهو كذاب كما تقدم مرارا. وقال الهيثمي في " مجمع الزوائد " (3/127) : " رواه الطبراني في " الأوسط " وفيه عمرو بن الحصين العقيلي وهو متروك
والحديث أورده المنذري (3/248) من رواية الطبراني والأصبهاني وأشار إلى تضعيفه. وقال المناوي في " الفيض " عقب كلام الهيثمي: " وله طرق عند الدارقطني في " المستجاد " والخرائطي في " المكارم " من حديث أبي سعيد وغيره أمثل من هذا الطريق، وإن كان فيها لين كما بينه الحافظ العراقي، فلوجمعها المصنف، أوآثر ذلك لكان أجود
وأقول: ما أظن أن في شيء من تلك الطرق ما يتقوى الحديث به، ولذلك ضعفه المناوي في " التيسير "، ومن ذلك أن الأصبهاني أخرجه في " الترغيب والترهيب " (ق 118/1 و156/1) من طريق عبد الله بن وهب الدينوري بسنده عن مجاعة بن الزبير عن الحسن به

وهذا إسناد واه بمرة، آفته الدينوري هذا؛ فإنه مع كونه حافظا رحالا؛ فقد قال الدارقطني: كان يضع الحديث
ومجاعة بن الزبير مختلف فيه
وبينهما من لم أعرفه
ورواه الخرائطي في " مكارم الأخلاق " (ص 7 و53) من حديث جابر، من طريقين عن محمد بن المنكدر عنه به دون قوله: ألا فزينوا
وفي الأولى من لم أعرفه، وفي الأخرى عبد الملك بن مسلمة البصري، ومن طريقه أخرجه أبو حاتم في ترجمته من " الجرح والتعديل " (2/2/371) وابن حبان في الضعفاء " (2/134) وقال: " يروي المناكير الكثيرة التي لا تخفى على من عني بعلم السنن
وقال أبو حاتم: حدثني بحديث في الكرم عن النبي صلى الله عليه وسلم عن جبريل عليه السلام، بحديث موضوع ". يعني هذا

বাংলা

১২৮২। আল্লাহ্ তা’আলা এ (ইসলাম) ধর্মকে তার নিজের জন্যে বেছে নিয়েছেন। তোমাদের দ্বীনকে সঠিক পথে পরিচালিত করতে পারে একমাত্র বদান্যতা ও ভাল আচরণ। সতর্ক হও অতএব তোমরা তোমাদের দ্বীনকে এ দু’য়ের দ্বারা সৌন্দর্যমণ্ডিত কর।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ত্ববারানী "আল-আওসাত" গ্রন্থে (১/৯১/১) আমর ইবনুল হুসায়েন ওকায়লী হতে, তিনি ইবরাহীম ইবনু আবী আতা হতে, তিনি আবু ওবায়দাহ হতে, তিনি হাসান হতে, তিনি ইমরান ইবনু হুসায়েন (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন।

ইমাম ত্ববারানী বলেনঃ হাদীসটিকে আমর এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক যেমনটি পূর্বে তার সম্পর্কে বার বার আলোচনা করা হয়েছে।

হায়সামী “মাজমাউয যাওয়াইদ” গ্রন্থে (৩/১২৭) বলেনঃ হাদীসটি ত্ববারানী “আল-আওসাত” গ্রন্থে বর্ণনা করেছেন। এর সনদে আমর ইবনুল হুসায়েন ওকায়লী রয়েছেন তিনি মাতরূক।

হাদীসটিকে মুনযেরী (৩/২৪৮) ত্ববারানী ও আসবাহানীর বর্ণনা থেকে উল্লেখ করে এটিকে দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন।

মানবী "আল-ফায়েয" গ্রন্থে বলেনঃ দারাকুতনীর নিকট "আল মুসতাজাদ" গ্রন্থে এবং খারায়েতীর নিকট "আল-মাকারিম" গ্রন্থে আবু সাঈদ খুদরী (রাঃ) প্রমুখ থেকে এ সূত্রটির ন্যায় কতিপয় সূত্র রয়েছে। যদিও সেগুলোর মধ্যে দুর্বলতা রয়েছে যেমনটি হাফিয ইরাকী বর্ণনা করেছেন। তবুও সেগুলোকে একত্রিত করলে অবস্থা ভাল হয়ে যায়।

আমি (আলবানী) বলছিঃ আমার ধারণা সে সূত্রগুলোর অবস্থা এরূপ নয় যে সেগুলোর দ্বারা হাদীসটি শক্তিশালী হতে পারে। এ কারণেই মানবী "আত-তায়সীর" গ্রন্থে হাদীসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

সূত্রগুলোর একটি হচ্ছে এই যে আসবাহানী "আত-তারগীব অততারহীব" গ্রন্থে (কাফ ১/১১৮, ১/১৫৬) আব্দুল্লাহ ইবনু ওয়াহাব দায়নুরী সূত্রে তার সনদে মুজ্জা'য়াহ ইবনুয যুবায়ের হতে, তিনি হাসান হতে বর্ণনা করেছেন।

কিন্তু এ সনদটি একেবারে দুর্বল। এর সমস্যা হচ্ছে এ দায়নূরী। কারণ তিনি একজন হাফিয হওয়া সত্ত্বেও তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি হাদীস জাল করতেন।

আর মুজ্জা'য়াহ ইবনুয যুবায়ের সম্পর্কে মতভেদ করা হয়েছে। আর তাদের দু'জনের মাঝের বর্ণনাকারীকে আমি চিনি না।

খারায়েতী “মাকারিমুল আখলাক” গ্রন্থে হাদীসটিকে (পৃঃ ৭, ৫৩) দুটি সূত্রে (শেষে দাগ দেয়া অংশ ব্যতীত) জাবের (রাঃ)-এর হাদীস থেকে মুহাম্মাদ ইবনুল মুনকাদির হতে, তিনি মুজ্জায়াহ হতে বর্ণনা করেছেন।

প্রথমটিতে এমন ব্যক্তি রয়েছেন যাকে আমি চিনি না। আর এ দ্বিতীয়টিতে বর্ণনাকারী হিসেবে আব্দুল মালেক ইবনু মাসলামাহ বাসর রয়েছেন এবং তার সূত্রেই আবু হাতিম তার জীবনী আলোচনা করতে গিয়ে “আল-জারহু অততা'দীল” গ্রন্থে (২/২/৩৭১) এবং ইবনু হিব্বান “আয-যুয়াফা” গ্রন্থে (২/১৩৪) বর্ণনা করেছেন এবং বলেছেনঃ তিনি এমন বহু মুনকার হাদীস বর্ণনা করেন যে, যে ব্যক্তি সুন্নাতের জ্ঞানার্জনকে গুরুত্ব দেয় তা তার নিকট লুক্কায়িত থাকে না।

আবু হাতিম বলেনঃ তিনি আমার নিকট বদান্যতা সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে, তিনি জিবরীল হতে একটি বানোয়াট হাদীস বর্ণনা করে শুনিয়েছেন। তিনি এর দ্বারা আলোচ্য এ হাদীসটিকে বুঝিয়েছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72161

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন